



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-সাস্ট/পিআর/০৩/

তারিখ: ১০ জুলাই, ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

আজ ১০ জুলাই, ২০১৯ তারিখ শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশের জাতীয় অর্থনৈতিক নির্বাহী কমিটি (একনেক)-এর ২০১৯-২০ অর্থবছরের ১ম সভায় অধিকতর উন্নয়ন (২য় পর্যায়) শীর্ষক প্রকল্প প্রস্তাব অনুমোদিত হওয়ায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবনের সভাকক্ষে সকাল ১০ টায় প্রকল্প বাস্তবায়ন প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ফরিদ উদ্দিন আহমেদ।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, একনেক সভায় অধিকতর উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)-এর প্রস্তাব অনুমোদিত হওয়ায় মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছি এবং বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করছি। তিনি মাননীয় পরিকল্পনামন্ত্রী জনাব এম এ মান্নান সহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে প্রকল্প বাস্তবায়নে সকল মহলের সহযোগিতা কামনা করেন।

তিনি আরো বলেন এই বিশ্ববিদ্যালয় হবে সুশাসনের রোল মডেল। প্রকল্প বাস্তবায়নে সর্বাত্মক প্রস্তুতি গ্রহণ করা হবে। শিক্ষক কর্মকর্তাদের সমন্বয়ে তদারকি কমিটি গঠন করা হবে। প্রয়োজনীয় কার্যক্রম শেষ করে সল্পতম সময়ে প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু করা হবে।

কোষাধ্যক্ষ প্রফেসর ড. মো আনোয়ারুল ইসলামের সভাপতিত্বে এ সময় বক্তব্য রাখেন, শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর ড. এস এম সাইফুল ইসলাম, সিডিকেট সদস্য প্রফেসর ড. মোহাম্মদ মস্তাবুর রহমান, ডিন প্রফেসর ড. মো. শামসুল হক প্রধান, প্রফেসর ড.মো. ইলিয়াস উদ্দিন বিশ্বাস। এ সময় সকল বিভাগীয় প্রধান, দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। সভা পরিচালনা করেন রেজিস্ট্রার মুহাম্মদ ইশফাকুল হোসেন।

উল্লেখ্য ৯৮৭ কোটি ৭৯ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যায়ে প্রকল্পের আওতায় ২১০০ জন ছাত্র-ছাত্রীদের আবাসন সুবিধা সম্বলিত ১০ তলা বিশিষ্ট ২টি হল, গ্র্যাজুয়েট ও বিদেশী ছাত্রদের জন্য ৭ তলা বিশিষ্ট ১টি হোস্টেল, সিনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের ১১ তলা বিশিষ্ট ২টি আবাসিক ভবন, জুনিয়র শিক্ষক ও কর্মকর্তাদের ১১ তলা বিশিষ্ট ২টি আবাসিক ভবন, কর্মচারীদের জন্য ১০ তলা বিশিষ্ট ১টি আবাসিক ভবন, ১০ তলা বিশিষ্ট ৩য় প্রশাসনিক ভবন, ১০ তলা বিশিষ্ট ক্লাব ভবন, ১০ তলা বিশিষ্ট ৪টি শিক্ষা ভবন, বিশ্ববিদ্যালয়ের পরিবহনের কেন্দ্রীয় ওয়ার্কশপ, বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের ৬ তলা বিশিষ্ট ১টি ভবন, ৪ তলা বিশিষ্ট ১টি হল মসজিদ, পরিবহনের কেন্দ্রীয় গ্যারেজ বর্ধিতকরণ, ক্যাম্পাসের প্রধান সড়কের উভয় পাশে ১৫ মিটার স্প্যানের ২টি ব্রীজ এবং ৩৩/১১ কেভি ১০ এমভিএ বৈদ্যুতিক সাব-স্টেশন নির্মাণ ও স্থাপন করা হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)

রেজিস্ট্রার

